

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৪৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - আযান

আরবী

وَعَنْ جَابِرٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لِبِلَالٍ: «إِذَا أَذَنْتَ فَتَرَسَّلْ وَإِذَا أَقَمْت فَاحَدر وَاجعَل بَيْنَ أَذَانِكَ وَإِقَامَتِكَ قَدْرَ مَا يَفْرُغُ الْآكِلُ مِنْ أَكْلِهِ وَالشَّارِبُ مِنْ شُرْبِهِ وَالْمُعْتَصِرُ إِذَا دَخَلَ لِقَضَاءِ حَاجَتِهِ وَلَا تَقُومُوا حَتَّى تَرَوْنِي» . رَوَاهُ التِّرْمِذِيّ شُرْبِهِ وَالْمُعْتَصِرُ إِذَا دَخَلَ لِقَضَاءِ حَاجَتِهِ وَلَا تَقُومُوا حَتَّى تَرَوْنِي» . رَوَاهُ التِّرْمِذِيّ وَقَالَ: لَا نعرفه إلَّا ن حَدِيث عبد الْمُنعم وَهُوَ إِسْنَاد مَجْهُول

বাংলা

৬৪৭-[৭] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিলালকে বললেন, যখন আযান দিবে ধীর গতিতে (উচ্চকণ্ঠে) দিবে এবং যখন ইকামাত(ইকামত/একামত) দিবে দ্রুতগতিতে (নিচু স্বরে) দিবে। তোমরা আযান ও ইকামাত(ইকামত/একামত)ের মধ্যে এ পরিমাণ বিরতি রাখবে যাতে খাদ্য গ্রহণকারী খাওয়া, পানরত লোক পান করা, পায়খানা-প্রস্রাবে রত লোক হাজাত পূর্ণ করতে পারে। আর আমাকে না দেখা পর্যন্ত তোমরা সালাতে কাতারবদ্ধ হবে না। (তিরমিযী)[1]

ইমাম তিরমিয়ী বলেন, এ হাদীসকে আমরা 'আবদুল মুন্'ইম ছাড়া আর কারও থেকে শুনিনি আর এর সানাদ মাজহূল (অপরিচিত)

ফুটনোট

[1] খুবই য'ঈফ বা দুর্বল : তিরমিযী ১৯৫। এর সানাদে আবদুল মুন্'ইম নামে একজন মাজহুল বা অপরিচিত রাবী রয়েছে। আর 'আমর ইবনু যায়দ আল আসওয়ারী তার মুতাবায়াত করেছে যিনি ইমাম যাহাবীর ভাষ্য মতে একজন মাতরুক রাবী। আর তাদের উভয়ের উস্তাদ ইহ্ইয়া ইবনু মুসলিম আল বাক্কা একজন দুর্বল রাবী। তবে হাদীসের وَلَا تَقُوْمُوْا حَتَّى تَرُوْنِيْ অংশটুকু সহীহ হাদীসে প্রমাণিত।

ব্যাখ্যা



ব্যাখ্যা: আযান এবং ইক্কামাতের মাঝে কিছু সময়ের বিরতি এজন্য রাখতে বলা হয়েছে যাতে যারা সালাতে অনুপস্থিত তারা সালাতে উপস্থিত হতে পারে। আর যেহেতু আযান দেয়া হয় অনুপস্থিতদের উপস্থিত করার জন্য সেহেতু উপস্থিত হতে ইচ্ছুক ব্যক্তিকে উপস্থিত হওয়ার জন্য একটি সময় নির্ধারণ জরুরী। আযান ও ইক্কামাতের মাঝে সময় না দেয়া হলে আযানের উদ্দেশ্য অর্জিত হবে না, অর্থাৎ- লোকজন সালাতের জামা'আতে উপস্থিত হতে পারবে না।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন